## নমুনা প্রশ্ন নির্মাণ ক্ষেত্রে নির্দিষ্ট দক্ষতা নং 2 মূল্যায়ন পরীক্ষা (তাত্ত্বিক পরীক্ষা)

প্রশ্ন 1
জাপানে, নির্মাণ কাজের অ্যাসাইনমেন্টের মধ্যে, নিচের কোনটি বিশেষ ঠিকাদার সম্পর্কে বর্ণনা করে?

1. নির্মাণ কাজের ঠিকাদারের নিকট নির্মাণ কাজের আদেশ প্রদান করা হয়।
2. আদেশ প্রদানকারীর অনুরোধ বাস্তবায়ন করার জন্য নকশা সংক্রান্ত নথি তৈরি করা।
3. একটি বৃহৎ নির্মাণ সাইটের সম্পূর্ণ কর্মকাণ্ড তত্ত্বাবধান করে, নির্দেশনা প্রদান করা।
4. প্রতিটি নির্মাণ কাজের বিশেষজ্ঞ এবং একাধিক কর্মী, ফোরম্যানের (শ্রমিকদের প্রধান) নির্দেশ অনুযায়ী কাজ করে থাকে।

উত্তর : 4

প্রশ্ন 2
দক্ষতার স্তরকে 1ম, 2য় এবং 3য় শ্রেণী হিসাবে পরীক্ষা করে, সেটিকে জাপান কর্তৃক প্রত্যয়িত করার ব্যবস্থা হিসেবে, দক্ষতার পরীক্ষা রয়েছে। দক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তি কোন নামটি ব্যবহার করতে পারেন?

1. দক্ষতা বিশেষজ্ঞ
2. প্রযুক্তিবিদ
3. আইনজীবী
4. আইন সংশ্লিষ্ট পেশাজীবী

উত্তর : 1

প্রশ্ন 3
কর্মক্ষেত্রে শ্রমিকের নিরাপত্তা ও স্বাস্থ্য নিশ্চিত করার জন্য এবং আরামদায়ক কর্মপরিবেশ তৈরি করার জন্য নিচের কোনটি উপযুক্ত কর্মকাণ্ড নয়?

1. ঝুঁকির মূল্যায়ন
2. ক্ষমতার হয়রানি
3. KY কর্মকাণ্ড
4. স্ট্রেস চেক

উত্তর : 2

প্রশ্ন 4
নির্মাণ ব্যবসা আইনের অধীনে, সঠিক নির্মাণ নিশ্চিত করার জন্য নিযুক্ত করা প্রয়োজন এমন প্রকৌশলীর নাম কী?

1. তত্ত্বাবধায়ক প্রকৌশলী / প্রধান প্রকৌশলী
2. সাইটের এজেন্ট
3. স্বাস্থ্য ও নিরাপত্তা কর্মকর্তা
4. ফোরম্যান (শ্রমিকদের প্রধান)

উত্তর : 1

প্রশ্ন 5
নিচের কোন বস্তুটির জন্য, বিমান চলাচল আইনের অধীনে নিবন্ধন করার প্রয়োজন রয়েছে।

1. ট্রান্সসিভার
2. অপটিক্যাল ফাইবারের মাধ্যমে যোগাযোগ
3. চালকবিহীন আকাশযান (ড্রোন)
4. ভূগর্ভস্থ পার্কিং সুবিধা

উত্তর : 3

প্রশ্ন 6
সামুদ্রিক সিভিল ইঞ্জিনিয়ারিং সম্পর্কিত কাজের ক্ষেত্রে, পানির নিচে কাজ করতে সক্ষম ব্যক্তিকে কি বলা হয়?

1. গ্যাস ওয়েল্ডিং (ঢালাই) শ্রমিক
2. ব্লাস্টিং ইঞ্জিনিয়ার (বিস্ফোরণ প্রকৌশলী)
3. চাপ প্রদান ও চাপ অপসারণের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি
4. ডুবুরী

উত্তর : 4

প্রশ্ন 7
পাইলের নির্মাণ কাজের ক্ষেত্রে, কারখানায় উৎপাদিত পাইল পরিবহন করে, তৈরি করার পদ্ধতিকে কি বলা হয়।

1. খনন
2. পরীক্ষামূলক খনন
3. প্রস্তুতকৃত পাইলের নির্মাণ পদ্ধতি
4. সাইটে তৈরি কংক্রিট পাইল

উত্তর : 3

প্রশ্ন ৪
ভবনের কম্পন নিয়ন্ত্রণ করার জন্য, ড্যাম্পারের (কম্পনরোধক) মতো শক্তি শোষণ করার নির্মাণকৌশল ভবনে স্থাপন করার নির্মাণ কাজকে কি বলা হয়?

1. কম্পন নিয়ন্ত্রণ করার নির্মাণ কাজ
2. ভূমিকম্প-প্রতিরোধী নির্মাণ কাজ
3. ভূমিকম্প প্রতিরোধক নির্মাণ কাজ
4. শক্তিবৃদ্ধির নির্মাণ কাজ

উত্তর : 1

প্রশ্ন 9
নিচের বাক্যের ( ) পূরণ করা শব্দটি নির্বাচন করুন।
টেলিকমিউনিকেশনের নির্মাণ কাজে, প্রধানত টেলিফোন বা ( ) ইত্যাদির মতো তথ্য প্রেরণ এবং ব্যবহারের জন্য নেটওয়ার্ক তৈরি করা হয়।

1. সাবস্টেশন সরঞ্জাম
2. আউটলেট
3. চার্জার
4. ইন্টারনেট

উত্তর : 4

প্রশ্ন 10
তাপমাত্রা / আর্দ্রতার সমন্বয় বা আরামের সাথে বসবাসের জন্য বায়ু বিশুদ্ধ করার জন্য সরঞ্জাম স্থাপন করার নির্মাণ কাজ নির্বাচন করুন।

1. প্লাম্বিং ও স্যানিটারি সরঞ্জামের নির্মাণ কাজ
2. রেফ্রিজারেশন এবং এয়ার কন্ডিশনিং সরঞ্জামের নির্মাণ কাজ
3. তাপ ধরে রাখা, ঠান্ডা ধরে রাখা সম্পর্কিত নির্মাণ কাজ
4. অগ্নিনির্বাপক সরঞ্জাম সম্পর্কিত নির্মাণ কাজ

উত্তর : 2

প্রশ্ন 11
মাটি খনন করে ভূগর্ভস্থ নির্মাণ কাজ বা ভিত্তি নির্মাণ কাজ শেষ করার পরে, নির্মাণ কাঠামো বা চারপাশে তৈরি হওয়া অতিরিক্ত স্থান মাটি দিয়ে ভরাট করার কাজকে কি বলা হয়?

1. মাটি দিয়ে পুনরায় পূরণ করা
2. মাটি চেপে বসানোর কাজ
3. ঢিপির কাজ
4. খনন কাজ

উত্তর : 1

প্রশ্ন 12
কোন ধরণের নির্মাণ কাজকে ড্রেজিংয়ের কাজ বলা হয়?

1. মাটি ও বালি সংগ্রহ করে, সমুদ্রে নতুন জমি তৈরির জন্য নির্মাণ কাজ
2. সমুদ্র বা নদীর তলদেশ থেকে মাটি ও বালি অপসারণ করার কাজ
3. বন্দরে জাহাজ থেকে মালপত্র বা কার্গো বোঝাই বা খালাস করার জন্য জাহাজ থামার স্থাপনা তৈরির জন্য নির্মাণ কাজ
4. বন্দরে ঢেউ প্রবেশ রোধ করার জন্য স্থাপনা নির্মাণের জন্য নির্মাণ কাজ

উত্তর : 2

**প্রশ্ন** 13
রিবার এবং রিবারের মধ্যকার জয়েন্টের অংশটি উত্তপ্ত করে, অক্ষীয় দিকে চাপ প্রয়োগ করে জোড়া লাগানোর পদ্ধতিকে কি বলা হয়?

1. গ্যাসের চাপ দিয়ে ঢালাই করা জয়েন্ট
2. ঢালাই করা জয়েন্ট
3. যান্ত্রিক জয়েন্ট
4. ল্যাপ জয়েন্ট

উত্তর : 1

**প্রশ্ন** 14
বৈদ্যুতিক সরঞ্জাম নির্মাণের কাজ নয়, এমন উত্তর নির্বাচন করুন।

1. ডিস্ট্রিবিউশন বোর্ড স্থাপনের নির্মাণের কাজ
2. বৈদ্যুতিক শক এবং বৈদ্যুতিক লিকেজ প্রতিরোধের জন্য আর্থিংয়ের কাজ
3. অপটিক্যাল ফাইবার ক্যাবল যুক্ত করার কাজ
4. এয়ার কন্ডিশনার সরঞ্জামের জন্য বিদ্যুৎ সরবরাহের নির্মাণ কাজ

উত্তর : 3

প্রশ্ন 15
পানির পাইপ থেকে পানি সরবরাহ করা পাইপের মাধ্যমে সরবরাহ করা পানিকে, টয়লেট, রান্নাঘর ইত্যাদিতে সরবরাহের জন্য পাম্প এবং পানির ট্যাঙ্ক স্থাপন করা বা প্লাম্বিংয়ের নির্মাণ কাজকে কি বলা হয়?

1. পানি সরবরাহ সুবিধা সম্পর্কিত নির্মাণ কাজ
2. গ্যাস সরঞ্জামের নির্মাণ কাজ
3. তাপ ধরে রাখা, ঠান্ডা ধরে রাখা সম্পর্কিত নির্মাণ কাজ
4. টেলিযোগাযোগের নির্মাণ কাজ

উত্তর : 1

প্রশ্ন 16
শিল্প নিরাপত্তা ও স্বাস্থ্য আইনের অধীনে বিশেষ প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে এমন কাজটি নির্বাচন করুন।

1. ফর্মওয়ার্ক সাপোর্টের জোড়া লাগানোর কাজ
2. দাহ্য গ্যাস এবং অক্সিজেন ব্যবহার করে ধাতুর ঢালাই কাজ
3. কংক্রিট ভেঙে ফেলার যন্ত্র ব্যবহার করে চূর্ণবিচূর্ণ করার কাজ
4. 1 টনের চাইতে কম ওজনের পণ্য উত্তোলন সরঞ্জামের স্লিং

উত্তর : 4

প্রশ্ন 17
শুধুমাত্র নিজে নয়, অন্য ব্যক্তিরও কোন দুর্ঘটনা বা আঘাত না ঘটে, কোনো সমস্যা ছাড়াই দিনের কাজ সম্পাদন করতে সক্ষম হওয়ার অনুভূতি প্রকাশ সম্ভাষণ নির্বাচন করুন।

1. নিরাপদে থাকুন
2. শুভ সকাল
3. মাফ করবেন
4. বিপজ্জনক

উত্তর : 1

**প্রশ্ন** 18
ঢাল বা অসম জমিতে মাটি ও বালি জমা করে সমতল পৃষ্ঠ তৈরি করার কাজকে কি বলা হয়?

1. কাটা
2. টিপি
3. রোড বেড
4. রিটেনিং ওয়াল

উত্তর : 2

প্রশ্ন 19
রিবারের নির্মাণ কাজের ক্ষেত্রে, রিবার (স্টিল রিইনফোর্সিং রড) স্থাপন এবং জোড়া লাগানোকে কি বলা হয়?

1. কম্প্যাকশন
2. মিশ্রণ
3. রিবার ব্যবস্থা
4. প্রবেশ করানো

উত্তর : 3

প্রশ্ন 20
বিদ্যুৎ প্রবাহিত হওয়া অংশ থেকে, অন্যান্য অংশে বিদ্যুৎ প্রবাহিত না হওয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করাকে কি বলা হয়?

1. মাটির নিচে রাখা
2. তারের লাইন স্থাপন
3. গোপন করা
4. বিচ্ছিন্নকরণ

উত্তর : 4

প্রশ্ন 21
নির্মাণস্থলের জন্য উপযুক্ত পোশাক এবং আচরণ নির্বাচন করুন।

1. লম্বা হাতা এবং লম্বা ট্রাউজার
2. হাতা গুটানো
3. পকেটে হাত রেখে হাঁটা
4. জ্যাকেটের বোতাম খুলে সামনের অংশ খুলে রাখা

উত্তর : 1

প্রশ্ন 22
একজন ফোরম্যানের (শ্রমিকদের প্রধান) জন্য নিচের কোন ভূমিকাটি মানানসই।

1. শ্রমিকদের যথাযথ নির্দেশনা প্রদান করে, লক্ষ্য অর্জনের জন্য কাজ করা।
2. শ্রমিকদের মজুরি হিসেব করা।
3. মাঝারি আকারের বা বৃহত্তর নির্মাণ সাইটে, সাইটের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি হিসেবে সাইটের তত্ত্বাবধান করা।
4. নীলনকশা তৈরি করা।

উত্তর : 1

**প্রশ্ন** 23
নির্মাণস্থলে নিরাপত্তা ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় সবচেয়ে উপযুক্ত দক্ষতা নির্বাচন করুন।

1. মানসম্পন্ন কাজ সম্পাদনের দক্ষতা
2. খরচ সম্পর্কে সচেতনতা
3. বিপদ / ক্ষতিকারক বস্তু শনাক্ত করতে সক্ষম হওয়া
4. প্রক্রিয়ার বিলম্ব পুষিয়ে নেওয়ার জন্য সমন্বয় করার ক্ষমতা

উত্তর : 3

প্রশ্ন 24
"প্রস্তুতি ৮ ভাগ, কাজ ২ ভাগ" এর জন্য উপযুক্ত অর্থ নির্বাচন করুন।

1. প্রস্তুতি 8 মিনিটের মধ্যে সম্পন্ন করা
2. কাজ শুরু করার আগে প্রস্তুতি গ্রহণ করা গুরুত্বপূর্ণ
3. কাজের জন্য প্রস্তুতি গ্রহণ করার কোন প্রয়োজন নেই
4. কাজের মান প্রস্তুতির পর্যায়ের উপর নির্ভর করে না

উত্তর : 2

প্রশ্ন 25
নিচের কোনটি নির্মাণ শিল্পের ক্ষেত্রে, নির্মাণ ব্যয়ের "মজুরী" সম্পর্কে বর্ণনা করে।

1. নির্মাণ কাজ সম্পাদনকারী শ্রমিকদের জন্য শ্রম ব্যয়
2. নির্মাণের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ের জন্য ব্যয়
3. প্রক্রিয়ার একটি অংশ অন্যান্য ঠিকাদারের নিকট আউটসোর্সিংয়ের ব্যয়
4. কাজের গাড়ি ক্রয়ের জন্য ব্যয়

উত্তর : 1

প্রশ্ন 26
নির্মাণ সমাপ্তির তারিখের মধ্যে কাজ শেষ করার জন্য, বিপরীতভাবে প্রক্রিয়া অনুযায়ী দিনের সংখ্যা নির্ধারণ করার পদ্ধতির নাম কী?

1. ফরোয়ার্ড পদ্ধতি
2. ব্যাকওয়ার্ড পদ্ধতি
3. হ্রাস করার পদ্ধতি
4. পরিহার পদ্ধতি

উত্তর : 2

প্রশ্ন 27
মান নিয়ন্ত্রণের ক্ষেত্রে সঠিক উত্তরটি নির্বাচন করুন।

1. নকশা সংক্রান্ত নথির বিষয়বস্তু সম্পর্কে কাজের আদেশদাতা বা ডিজাইনারের কাছ থেকে ব্যাখ্যা গ্রহণ করা
2. সমাপ্তির পর অদৃশ্য হয়ে যাওয়া অংশের নির্মাণের ছবি তোলার কোন প্রয়োজন নেই
3. শ্রমিকদের কৌশল সম্পর্কে না বলে, দেখে শিখতে দেওয়া
4. কোনও ত্রুটি দেখা দিলে নির্মাণের নির্ধারিত স্থানে প্রকৃত পণ্যটি দেখার চেয়ে অভিজ্ঞতা থেকে সিদ্ধান্ত গ্রহণ করা

উত্তর : 1

প্রশ্ন 28
নিরাপত্তা এবং স্বাস্থ্য ব্যবস্থাপকদের নির্দেশনা প্রদান করে, কর্মক্ষেত্রে পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য ব্যবস্থাপনার দায়িত্বে থাকা ব্যক্তির নাম কী?

1. ডিজাইনার
2. ফোরম্যান
3. সাইট সুপারভাইজার
4. প্রধান নিরাপত্তা ও স্বাস্থ্য ব্যবস্থাপক

উত্তর : 4

**প্রশ্ন** 29
সহজে বোধগম্য কাজের নির্দেশাবলী তৈরি করার সময় বিবেচনা করার বিষয় হিসেবে, অনুপযুক্ত উত্তরটি নির্বাচন করুন।

1. সহজ কাজগুলো এড়িয়ে যাওয়া
2. ছোট করে এবং সহজে লেখা
3. অনুমিত বিপদকে সতর্কতা অবলম্বনের বিষয় হিসাবে লেখা
4.কাজটি করার কারণ সম্পর্কে লেখা

উত্তর : 1

**প্রশ্ন** 30
ঝুঁকি মূল্যায়ন পরিচালনার কার্যকারিতা সম্পর্কে, নিচের কোন উত্তরটি অনুপযুক্ত?

1. ঝুঁকি সম্পর্কে সচেতনতা ভাগাভাগি করা সম্ভব।
2. নিরাপত্তা ব্যবস্থাকে যুক্তিসঙ্গত পদ্ধতিতে অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
3. শ্রমিকরা নিরাপত্তার কথা চিন্তা না করেই তাদের কাজে মনোনিবেশ করতে পারেন।
4. কর্মক্ষেত্রে সকলের মধ্যে "নিরাপত্তা" সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা সম্ভব।

উত্তর : 3

**প্রশ্ন** 31
ঝুঁকি হ্রাসের ব্যবস্থা বিবেচনা করার ক্ষেত্রে, অপরিহার্য ব্যবস্থার সাথে সঙ্গতিপূর্ণ উত্তরটি নির্বাচন করুন।

1. ক্ষতিকারক উপকরণ নিরাপদ উপকরণ দিয়ে প্রতিস্থাপন করা
2. প্রতিরক্ষামূলক গ্লাভস ব্যবহার করা
3. কাজের ম্যানুয়াল প্রস্তুত করা
4. প্রতিরক্ষামূলক বেড়া স্থাপন করা

উত্তর : 1

**প্রশ্ন** 32

মানুষের ভুলের 12টি কারণের মধ্যে অন্তর্ভুক্ত নয় এমন একটি উত্তর নির্বাচন করুন।

1. ক্লান্তি
2. শর্টকাট অ্যাকশন
3. একাধিক ব্যক্তির দ্বারা যাচাইকরণ
4. যোগাযোগের অভাব

উত্তর : 3

**প্রশ্ন** 33

নিচের কোনটি স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশনের অন্তর্ভুক্ত নয়?

1. উপাদান
2. সরঞ্জাম
3. নির্মাণ পদ্ধতি
4. শ্রমের ইউনিট মূল্য

উত্তর : 4

প্রশ্ন 34
নির্মাণ শিল্পের ভূমিকা হিসাবে সঠিক উত্তরটি নির্বাচন করুন।

1. ক্ষতিগ্রস্ত স্থাপনা মেরামত করা
2. বহুতল আবাসিক ভবন বিক্রয় করা
3. পানি ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা
4. পরিবহন কার্যক্রম

উত্তর : 1